# প্রতিবন্ধীতাযুক্ত পিতামাতা ও অভিভাবকদের জন্য পারিবারিক নির্দেশিকা

NYC
Department of Education

# সূচিপত্র


চ্যান্সেলরের বাণী .................................................... 3

প্রতিবন্ধিতাযুক্তদের জন্য মেয়রের অফিসের পক্ষ থেকে
কমিশনারের বাণী .................................................... 5

আপনার সন্তানের জন্য স্কুলে আবেদন ও ভর্তি করা ................... 7

স্কুল ভবনের অভিগম্যতা ও অভিযোজিত ব্যবস্থাসমূহ ..................23

স্কুল পরিবহন...........................................................26

শিক্ষার্থীদের উপস্থিতি ...................................................32

ওয়েবসাইট পুনর্বিন্যাস ...................................................33

পারিবারিক সম্পৃক্ততার সুযোগ ...........................................34

# চ্যান্সেলরের বাণী

প্রিয় পরিবারবর্গ:

একজন জীবনব্যাপী শিক্ষক হিসেবে আমি জানি যে স্কুলে আপনার সন্তানের সফলতার জন্য পিতামতারাও অংশীদার এবং আপনার সম্পৃক্ততা তাদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। আপনার সন্তানের প্রাথমিক শিক্ষায় সহায়তা করার জন্য আপনার যে তথ্যাবলী প্রয়োজন, সেগুলো আপনার জানা নিশ্চিত করার কাজের অংশ এই গাইড।

প্রথম ও প্রধান বিষয়টি হলো আমরা সকল পরিবারের জন্য আমাদের স্কুলকে অভিগম্য ও আন্তরিকতাপূর্ণ জায়গায় পরিণত করার জন্য কঠোর পরিশ্রম করি; আমরা প্রত্যাশা করি আপনি আমাদের স্কুলে স্বাচ্ছন্দ্য এবং ক্ষমতাবান বোধ করবেন।

এই গাইডটি প্রতিবন্ধিতাযুক্ত সন্তানের পিতামাতা ও অভিভাবকগণের অভিযোজিত ব্যবস্থা সম্পর্কেও বর্ণনা করে কেননা তারা তাদের সন্তানের স্কুলের অভিজ্ঞতার খোঁজখবর নেন। আমার প্রত্যাশা হলো এই যে এই তথ্যাবলী আপনাকে আপনার সন্তানের প্রি-K থেকে গ্র্যাজুয়েশন পর্যন্ত এগিয়ে যেতে সহায়তা করবে।

এই গাইডের বাইরেও আমি আপনাকে আপনার সন্তানের স্কুলের সাথে সম্পৃক্ত হওয়ার সকল সুযোগ-সুবিধা ব্যবহারের জোর আহ্বান জানাচ্ছি। আমাদের প্রোগ্রামসমূহ শুধুমাত্র আপনাদের মতো পিতামাতা ও সমর্থকদের সাহায্যেই উন্নতি লাভ করতে পারবে। আপনার সন্তানের শিক্ষক ও প্রিন্সিপ্যালগণ সর্বদা আপনার সন্তানের শিক্ষা সম্পর্কিত আপনার যেকোনো প্রশ্ন বা উদ্বেগের ব্যাপারে কথা বলার জন্য প্রস্তুত

রয়েছেন। এছাড়াও আপনাকে এই গাইডে পরবর্তিতে বর্ণিত আমাদের এক বা একাধিক প্যারেন্ট অ্যাসোসিয়েশনে অংশগ্রহণ করার জন্য স্বাগত। এগুলো আপনার জন্য আপনার মতামত প্রকাশের এবং আমাদের স্কুলকে অধিক শক্তিশালী করতে সহায়তা প্রদানের চমৎকার উপায়।

আমি আপনাকে আপনার সন্তানের স্কুল থেকে এবং DOE এর ডিভিশন অভ ফ্যামিলি অ্যান্ড কমিউনিটি এনগেজমেন্টের (Division of Family and Community Engagement) নিম্নোক্ত ওয়েবসাইট দেখে পিতামাতাদের সুবিধাবলী সম্পর্কে বিস্তারিত জানার জন্য উৎসাহিত করি (http://schools.nyc.gov/Offices/FACE/default.htm)। এই বিভাগ প্যারেন্ট কাউন্সিল নির্বাচন নিয়ন্ত্রণ করে, কর্মশালা আয়োজন করে এবং আপনাকে আপনার সন্তানের স্কুলের সাথে অধিক সম্পৃক্ত হতে সহায়তা করার জন্য অন্যান্য ইভেন্টসমূহ স্পন্সর করে।

আমরা আপনার সাথে অংশীদারত্বের ভিত্তিতে কাজ করার জন্য অধীর আগ্রহী এবং আমি আপনার সন্তানের সফলতার প্রতি আপনার অব্যাহত দায়বদ্ধতার জন্য ধন্যবাদ জানাই।

বিনীত,
Carmen Fariña
স্কুলের চ্যান্সেলর

# প্রতিবন্ধিতাযুক্তদের জন্য মেয়রের অফিসের পক্ষ থেকে কমিশনারের বাণী

প্রিয় পরিবারবর্গ:

প্রতিবন্ধিতাযুক্ত ব্যক্তিদের জন্য মেয়রের অফিস (MOPD) বেসরকারি ব্যবসা ও সংস্থাসমূহের পাশাপাশি স্থানীয়, স্টেট ও ফেডারেল সরকার পর্যায়ে প্রতিবন্ধিতাযুক্ত ব্যক্তিদের অধিকার আদায়ের জন্য সমর্থন করে। আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য হলো নিউ ইয়র্ক সিটিকে পৃথিবীর মধ্যে সবচেয়ে অভিগম্য সিটি হিসেবে গড়ে তোলা। আমাদের একটি লিখিত রিপোর্ট রয়েছে, AccessibleNYC (http://www1.nyc.gov/site/mopd/initiatives/accessiblenyc.page) "নিউ ইয়র্ক সিটিতে বসবাসরত প্রতিবন্ধিতাযুক্ত ব্যক্তিদের অবস্থার উপর একটি বার্ষিক প্রতিবেদন" যেটি নিউ ইয়র্কে বসবাসকারী প্রতিবন্ধিতাযুক্ত ব্যক্তিদের পরিবহন, চাকরি, স্বাস্থ্য, আবাসন এবং শিক্ষাসহ সিটি সেবাসমূহ গ্রহণের ক্ষেত্রে সমস্যাবলী চিহ্নিত করে।

প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীগণ যাতে তাদের সহপাঠীদের মতো একই উচ্চ-মানের শিক্ষা অর্জন করতে পারে সেটি নিশ্চিত করার জন্য শিক্ষা বিভাগ (DOE) কাজ করে। এর মধ্যে রয়েছে ক্লাসরুম, সহায়ক প্রযুক্তি, অভিযোজিত খেলাধুলা এবং নাগালের মধ্যে থাকা স্কুল অবস্থানসমূহে অন্তর্ভুক্তিমূলক সুবিধা গ্রহণের সুযোগ করে দেওয়া। MOPD তার সেবাসমূহে অভিগম্যতা প্রদানের জন্য DOE এর সাথে কাজ করে।

আমরা খুবই গর্বিত এজন্য যে DOE এযাবতকালের মধ্যে প্রথমবারের মতো প্রতিবন্ধিতাযুক্ত ছেলেমেয়েদের পিতামাতা ও অভিভাবকদের জন্য পারিবারিক নির্দেশিকা (ফ্যামিলি গাইড) প্রণয়ন করেছে। এই গাইড তাদেরকে সহায়তা করবে যারা অভিযোজন ব্যবস্থা ও বোধগম্য উপাদানসমূহ খুঁজছেন এবং স্কুলের অভিগম্যতা, অভিযোজিত ভ্রমণ বিকল্প এবং পিতামাতাদের সম্পৃক্ততার সুযোগসমূহের ব্যাপারে তথ্য প্রদান করবে।

আমি আশা করি যে এই গাইডটি আপনার জন্য আপনার সন্তানের শিক্ষা বিষয়ক পরিকল্পনা করার ক্ষেত্রে একটি মূল্যবান সম্পদ হবে।

বিনীত,
Victor Calise
কমিশনার
প্রতিবন্ধিতাযুক্ত ব্যক্তিদের জন্য মেয়রের অফিস (MOPD)

# আপনার সন্তানের জন্য স্কুলে আবেদন ও ভর্তি করা

নিউ ইয়র্ক সিটির স্কুলে শিক্ষার্থীগণ তাদের বয়সের উপর ভিত্তি করে একটি ভর্তি প্রক্রিয়ার মধ্য দিয়ে স্কুলে ভর্তি হয়:

- কিন্ডারগার্টেন - বয়স পাঁচ বছর হয়েছে যেসব ছেলেমেয়ে (স্কুল বছরের 31 ডিসেম্বরের পূর্বে)
- গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড - যেসব ছেলেমেয়ে কিন্ডারগার্টেন থেকে তৃতীয় গ্রেডে পড়ে
- মিডল স্কুল – চলমান পঞ্চম গ্রেডের শিক্ষার্থীগণ
- হাই স্কুল – চলমান অষ্টম গ্রেডের শিক্ষার্থীগণ

সেইসাথে যে সকল ছেলেমেয়ের বয়স ক্যালেন্ডার বর্ষের 31 ডিসেম্বরে তিন বছর হবে তারা একটি **3-K ফর অল** (http://schools.nyc.gov/3k) প্রোগ্রামে ভর্তি হতে পারবে এবং যে সকল ছেলেমেয়ের বয়স ক্যালেন্ডার বর্ষের 31 ডিসেম্বরে চার বছর হবে তারা একটি **প্রি-K ফর অল** (http://schools.nyc.gov/prek) প্রোগ্রামে ভর্তি হতে পারবে।

কিন্ডারগার্টেন থেকে অষ্টম গ্রেড পর্যন্ত শিক্ষার্থীগণ যারা নিচে নির্দেশিত ভর্তি প্রক্রিয়ার বাইরে থেকে নিউ ইয়র্ক শহরে এসেছে, তারা বেছে নেওয়ার জন্য যেসব সুযোগ রয়েছে, সেগুলো সম্পর্কে বিস্তারিত জানতে তাদের জোনভুক্ত স্কুল পরিদর্শন করে, যদি সেখানে তাদের কোনো

জোন স্কুল থাকে, বা কোনো ফ্যামিলি ওয়েলকাম সেন্টার (http://schools.nyc.gov/welcomecenters) পরিদর্শন করে স্কুলে ভর্তি হতে পারবে। সকল হাই স্কুল শিক্ষার্থী বিভিন্ন বিকল্পসমূহ থেকে বাছাই নিয়ে আলোচনার জন্য একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে গিয়ে ভর্তি হতে পারবে। একটি স্কুল জোন সনাক্ত করতে অনুগ্রহপূর্বক স্কুল সার্চ দেখুন (http://schools.nyc.gov/SchoolSearch) বা 311-এ কল করুন।

ফ্যামিলি ওয়েলকাম সেন্টার এর অবস্থান ও ডিস্ট্রিক্টসমূহ নিচে তালিকাভুক্ত হলো। পরিবারবর্গ যেকোনো ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে যেতে পারবেন, এমনকি যদি তারা সেই ডিস্ট্রিক্টে বসবাস নাও করেন। ভর্তি ও ফ্যামিলি ওয়েলকাম সেন্টার সম্পর্কে কোনো প্রশ্ন থাকলে 718-935-3500 নম্বরে কল করুন। সকল ফ্যামিলি ওয়েলকাম সেন্টার অভিগম্য।

পরিবারবর্গ ইমেইল নিউজলেটারে সাইন আপ করার মাধ্যমে আবেদন করা ও ভর্তি হওয়া সম্পর্কে আপডেট পেতে পারবেন (http://schools.nyc.gov/Subscribe/default.htm)।

**Bronx**

1 Fordham Plaza, 7th Floor
Bronx, NY 10458
সেবাদানকারী ডিস্ট্রিক্টসমূহ: 7, 9, 10

1230 Zerega Avenue, Room 24
Bronx, NY 10462
সেবাদানকারী ডিস্ট্রিক্টসমূহ: 8, 11, 12

**Brooklyn**

415 89th Street, 5th Floor
Brooklyn, NY 11209
সেবাদানকারী ডিস্ট্রিক্টসমূহ: 20, 21

1665 St. Marks Avenue, Room 116
Brooklyn, NY 11233
সেবাদানকারী ডিস্ট্রিক্টসমূহ: 19, 23, 32

29 Fort Greene Place (BS12)
Brooklyn, NY 11217
সেবাদানকারী ডিস্ট্রিক্টসমূহ: 13, 14, 15, 16

1780 Ocean Avenue, 3rd Floor
Brooklyn, NY 11230
সেবাদানকারী ডিস্ট্রিক্টসমূহ: 17, 18, 22

**Manhattan**

333 Seventh Avenue, 12th Floor; Room 1211
New York, NY 10001
সেবাদানকারী ডিস্ট্রিক্টসমূহ: 1, 2, 4

388 West 125th Street, 7th Floor; Room 713
New York, NY 10027
সেবাদানকারী ডিস্ট্রিক্টসমূহ: 3, 5, 6

**Queens**

28-11 Queens Plaza North, 3rd Floor
Long Island City, NY 11101
সেবাদানকারী ডিস্ট্রিক্টসমূহ: 24, 30

30-48 Linden Place, 2nd Floor
Flushing, NY 11354
সেবাদানকারী ডিস্ট্রিক্টসমূহ: 25, 26

90-27 Sutphin Boulevard, 1st Floor
Jamaica, NY 11435
সেবাদানকারী ডিস্ট্রিক্টসমূহ: 27, 28, 29

**Staten Island**

715 Ocean Terrace, Building A
Staten Island, NY 10301
সেবাদানকারী ডিস্ট্রিক্ট: 31

## 3-K ফর অল ভর্তি

nyc.gov/3K

যে ক্যালেন্ডার বর্ষে ছেলেমেয়েদের বয়স তিন বছর হবে সেই বছর তারা 3-K -তে ভর্তির উপযুক্ত হবে এবং সেই বছর বসন্তের প্রথমে 3-K প্রোগ্রামসমূহে আবেদন করতে পারবে। পরিবারবর্গ অনলাইনে (http://schools.nyc.gov/applyonline) দশটি ভাষায়, ফোনের মাধ্যমে 311 নম্বরে ফোন করে বা সশরীরে কোনো ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে গিয়ে আবেদন করতে পারবেন (http://schools.nyc.gov/welcomecenters)।

নিউ ইয়র্ক সিটির সকল পরিবার অংশগ্রহণের যোগ্য, তবে প্রোগ্রামটি যেখানে অবস্থিত সেই ডিস্ট্রিক্টে বসবাসকারীগণ অগ্রাধিকার পাবেন। শরৎ 2017 থেকে শুরু হওয়া 3-K ফর অল স্কুল ডিস্ট্রিক্ট 7 এবং 23 -এ পাওয়া যাবে এবং 2020 সালের মধ্যে নিম্নোক্ত স্কুল ডিস্ট্রিক্টসমূহে বিস্তৃত হবে।

- শরৎ 2017: স্কুল ডিস্ট্রিক্ট 7 (South Bronx) এবং 23 (Brownsville, East New York, Ocean Hill)

- শরৎ 2018: স্কুল ডিস্ট্রিক্ট 4 (East Harlem) এবং 27 (Broad Channel, Howard Beach, Ozone Park, Rockaways)

- শরৎ 2019: স্কুল ডিস্ট্রিক্ট 9 (Grand Concourse, Highbridge, Morrisania) এবং 31 (Staten Island)

- শরৎ 2020: স্কুল ডিস্ট্রিক্ট 19 (East New York) এবং 29 (Cambria Heights, Hollis, Laurelton, Queens Village, Springfield Gardens, St. Albans)

অনলাইন আবেদনপত্র স্ক্রিন রিডার, ব্যক্তিগত কম্পিউটার সেটিংস বা সহায়ক প্রযুক্তির মাধ্যমে দেখা যাবে। যে সকল পরিবারের বড় কাগজে বড় করে ছাপা বা ব্রেইল-এ ছাপা আবেদনপত্র প্রয়োজন, তারা ইমেইল করতে পারেন ESenrollment@schools.nyc.gov ইমেইল ঠিকানায় বা কল করুন 311 নম্বরে ফোন করুন কিংবা কোনো ফ্যামেলি ওয়েলকাম সেন্টার থেকে সংগ্রহ চেয়ে নিতে পারবেন।

পরিবারবর্গ 3-K ফাইন্ডার (http://maps.nyc.gov/3k), কোনো একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টার পরিদর্শন বা 311 নম্বরে কল করার মাধ্যমে প্রোগ্রামের বিকল্পসমূহ পর্যালোচনা করতে পারবেন। কোনো 3-K প্রোগ্রামের অভিগম্যতার পর্যায় সম্পর্কে অধিকতর তথ্যের জন্য সরাসরি সেই প্রোগ্রামের সাথে যোগাযোগ করুন এবং একটি সাক্ষাতের সময় ঠিক করুন। এছাড়াও অধিকতর তথ্যের জন্য পরিবারবর্গ ইমেইল earlychildhood@schools.nyc.gov করতে পারবেন।

## প্রি-K ভর্তি

nyc.gov/prek

সন্তানেরা যে বছর চার বছরে পদার্পন করবে সেই বছর তারা প্রি-K তে ভর্তি হতে পারবে এবং সেই বছর বসন্তের শুরুতে প্রি-K প্রোগ্রামসমূহে আবেদন করতে পারবে। পরিবারবর্গ অনলাইনে (http://schools.nyc.gov/applyonline) দশটি ভাষায়, ফোনের মাধ্যমে 311 নম্বরে ফোন করে বা সশরীরে কোনো ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে গিয়ে আবেদন করতে পারবেন (http://schools.nyc.gov/welcomecenters)।

অনলাইন আবেদনপত্র স্ক্রিন রিডার, ব্যক্তিগত কম্পিউটার সেটিংস বা সহায়ক প্রযুক্তির মাধ্যমে দেখা যাবে। যে সকল পরিবারের কাগজে বড় করে ছাপা বা ব্রেইল-এ ছাপা আবেদনপত্র প্রয়োজন তারা ইমেইলে করতে পারবেন ESenrollment@schools.nyc.gov ইমেইল ঠিকানায় বা 311 নম্বরে ফোন করে একটি ডাকযোগে পাওয়ার জন্য অনুরোধ করতে বা কোনো ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে গিয়ে চেয়ে নিতে পারবেন।

পরিবারবর্গ প্রি-K ফাইন্ডার (http://maps.nyc.gov/prek), প্রি-K নির্দেশিকা (http://schools.nyc.gov/prek), কোনো একটি ফ্যামিলি ওয়েলকাম

সেন্টারে গিয়ে বা 311 নম্বরে ফোন করে বেছে নেওয়ার জন্য বিদ্যমান প্রোগ্রামগুলো নিয়ে আলোচনা করতে পারবেন। প্রি-K ডিরেক্টরিতে প্রি-K প্রোগ্রামসমূহের তালিকা সেইসাথে বাড়তি তথ্যসহ প্রোগ্রামটি অভিগম্য কি না সেটির নির্দেশনা রয়েছে।

কোনো প্রি-K প্রোগ্রামের অভিগম্যতার পর্যায় সম্পর্কে অধিকতর তথ্যের জন্য সরাসরি প্রোগ্রামের সাথে যোগাযোগ করুন এবং একটি সাক্ষাতের সময় ঠিক করে নিন। এছাড়াও অধিকতর তথ্যের জন্য পরিবারবর্গ earlychildhood@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করতে পারবেন।

**কিন্ডারগার্টেন ও এলিমেন্টারি স্কুল ভর্তি**
http://schools.nyc.gov/ChoicesEnrollment/Elementary

সন্তানেরা যে ক্যালেন্ডার বর্ষে পাঁচ বছরে পদার্পন করবে সেই বছর তারা কিন্ডারগার্টেন এ ভর্তি হতে পারবে তারা স্কুল শুরুর পূর্বে শীতকালে শুরু হতে যাওয়া স্কুলসমূহে আবেদন করতে পারবে। পরিবারবর্গ অনলাইনে দশটি ভাষায়, ফোনে 311 নম্বরে কল করার মাধ্যমে বা সশরীরে কোনো ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে গিয়ে আবেদন করতে পারবেন (http://schools.nyc.gov/welcomecenters)।

অনলাইন আবেদন স্ক্রিন রিডার, ব্যক্তিগত কম্পিউটার সেটিংস বা সহায়তামূলক প্রযুক্তির মাধ্যমে দেখা যাবে। যে সকল পরিবারের কাগজে বাড় করে ছাপা বা ব্রেইল পেপারে ছাপা প্রয়োজন, তারা ইমেইল করতে পারবেন ESenrollment@schools.nyc.gov ইমেইল ঠিকানায় বা 311 নম্বরে ফোন করে একটি ডাকযোগে পাওয়ার জন্য অনুরোধ করতে বা কোনো ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে গিয়ে চেয়ে নিতে পারবেন।

পরিবারবর্গ কিন্ডারগার্টেন ডিরেক্টরি (http://schools.nyc.gov/kindergarten), -এ প্রোগ্রাম বিকল্পসমূহ পর্যালোচনা করতে পারবেন যেটির মধ্যে স্কুলের আংশিক বা সম্পূর্ণ অভিগম্যতা সম্পর্কিত তথ্য অন্তর্ভুক্ত রয়েছে, যেটি ভবন অনুযায়ী ভিন্ন হতে পারে। এছাড়াও পরিবারবর্গ কোনো একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টার পরিদর্শন করতে পারেন বা 311 নম্বরে কল করতে পারেন। স্কুলের অভিগম্যতার ব্যাপারে অধিকতর তথ্যের জন্য এই গাইডের "School Building Accessibility and Accommodations Chapter" দেখুন বা অভিগম্যতার ওয়েবসাইট পরিদর্শন করুন (http://schools.nyc.gov/offices/osp/accessibility)।

কোনো একটি স্কুলের অভিগম্যতার পর্যায় সম্পর্কে অধিকতর তথ্যের জন্য সরাসরি সেই স্কুলের সাথে যোগাযোগ করুন এবং একটি সাক্ষাতের সময় নির্ধারণ করুন। এছাড়াও অধিকতর তথ্যের জন্য এবং যুক্তিসঙ্গত অভিযোজন ব্যবস্থার আবেদন জমা দেওয়ার জন্য পরিবারবর্গ accessibility@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করতে পারবেন।

**গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড ক্লাসে ভর্তি**

http://schools.nyc.gov/ChoicesEnrollment/GiftedandTalented

চলমান স্কুল বছরে কিন্ডারগার্টেন, প্রথম, দ্বিতীয় বা তৃতীয় গ্রেডে প্রবেশ করতে যাওয়া ছেলেমেয়েগণ প্রোগ্রামসমূহে আবেদন করার উপযুক্ততা যাচাই করার জন্য গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড (G&T) পরীক্ষা দেওয়ার জন্য নিবন্ধন করতে পারে। প্রতি বছরের অক্টোবর থেকে নভেম্বরে এই সকল গ্রেডে প্রবেশ করতে যাওয়া ছেলেমেয়েদের পরিবারবর্গ একটি রিকোয়েস্ট ফর টেস্টিং (Request for Testing) (RFT) জমা দিতে পারেন। RFT পরিবারবর্গকে যেকোনো প্রয়োজনীয় অভিযোজন ব্যবস্থার ধারণা দেয়।

জানুয়ারিতে ছেলেমেয়ে সেই পরীক্ষাটি দিবে। বসন্তের শুরুতে, পরিবারবর্গ একটি স্কোর রিপোর্ট পাবেন। স্কোর রিপোর্ট ছেলেমেয়েটি G&T প্রোগ্রামসমূহে আবেদন করার উপযুক্ত কি না তা নির্দেশ করে। যদি উপযুক্ত হয় তাহলে পরিবারটি একটি আবেদনপত্রও পাবে যেটি তারা পূরণ করবে এবং জমা দিবে। পরিবারবর্গ বসন্তের শেষের দিকে তাদের সিদ্ধান্তের পত্র পাবে।

অনলাইন RFT এবং আবেদনপত্র উভয়টি স্ক্রিন রিডার, ব্যক্তিগত কম্পিউটার সেটিংস বা সহায়তামূলক প্রযুক্তির মাধ্যমে দেখা যাবে। যেসকল পরিবারের বড় করে ছাপা বা ব্রেইল-এ ছাপা প্রয়োজন তারা ইমেইল করতে পারবেন ESenrollment@schools.nyc.gov ইমেইল ঠিকানায় বা 311 নম্বরে ফোন করে একটি ডাকযোগে পাওয়ার জন্য অনুরোধ করতে বা কোনো ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে গিয়ে চেয়ে নিতে পারবেন।

পরিবারবর্গ গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড হ্যান্ডবুক (http://schools.nyc.gov/G&T) -এ তাদের সন্তানের জন্মসাল অনুযায়ী G&T বেছে নেওয়ার জন্য বিভিন্ন প্রোগ্রামসমূহ নিয়ে পর্যালোচনা করতে পারবে; বেছে নেওয়ার জন্য বিভিন্ন প্রোগ্রামসমূহের তালিকা থেকে কোন স্কুল আংশিক না সম্পূর্ণরূপে অভিগম্য, সেটা জানা যাবে। স্কুলের অভিগম্যতার ব্যাপারে অধিকতর তথ্যের জন্য এই গাইডের "School Building Accessibility and Accommodations Chapter" দেখুন বা অভিগম্যতার ওয়েবসাইট পরিদর্শন করুন (http://schools.nyc.gov/offices/osp/accessibility)।

কোনো একটি স্কুলের অভিগম্যতার পর্যায় সম্পর্কে অধিকতর তথ্যের জন্য সরাসরি সেই স্কুলে যান এবং একটি পরিদর্শনের সময়সূচি ঠিক করুন। এছাড়াও অধিকতর তথ্যের জন্য এবং যুক্তিসঙ্গত অভিযোজন ব্যবস্থার আবেদন জমা দেওয়ার জন্য পরিবারবর্গ accessibility@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করতে পারবেন।

## মিডল স্কুলে ভর্তি

http://schools.nyc.gov/ChoicesEnrollment/Middle/

শিক্ষার্থীরা যে বছর পঞ্চম গ্রেডে পদার্পন করবে সেই বছর তারা মিডল স্কুলসমূহে আবেদন করার উপযুক্ত হবে। শিক্ষার্থীরা তাদের বসবাসের ডিস্ট্রিক্টের মধ্যকার স্কুলসমূহে আবেদন করতে পারবে; যদি তারা ভিন্ন কোনো ডিস্ট্রিক্টের এলিমেন্টারি স্কুলে অধ্যয়নরত থাকে তাহলে তারা সেই ডিস্ট্রিক্টের মিডল স্কুলসমূহেও আবেদন করতে পারবে। সেইসাথে বরো-ব্যাপী এবং সিটিব্যাপী বিকল্পসমূহ রয়েছে যেগুলোতে পঞ্চম গ্রেডের শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। প্রতিটি ডিস্ট্রিক্টের স্কুল বিকল্পসমূহ মিডল স্কুল ডিরেক্টরিসমূহে তালিকাভুক্ত রয়েছে (http://schools.nyc.gov/middle) এবং কোন স্কুলগুলো অভিগমনযোগ্য সেগুলো উল্লেখ রয়েছে। এছাড়াও পরিবারবর্গ কোনো একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টার পরিদর্শন করতে পারে বা 311 নম্বরে কল করতে পারে।

পরিবারবর্গ ফরম গ্রহণ করবে এবং তাদের মিডল স্কুল আবেদন (http://schools.nyc.gov/middle) তাদের এলিমেন্টারি স্কুল গাইডেন্স কাউন্সেলর বরাবর তাদের পঞ্চম গ্রেড বর্ষের ডিসেম্বরের প্রথমদিকে জমা দিবে। আবেদনপত্রটি অনলাইনে পোস্ট করা হয়েছে এবং স্ক্রিন রিডার, ব্যক্তিগত কম্পিউটার সেটিংস বা সহায়তামূলক প্রযুক্তির মাধ্যমে দেখা যাবে। যে সকল পরিবারের বড় করে ছাপা বা ব্রেইল-এ ছাপা প্রয়োজন তারা ইমেইল করতে পারবেন MSenrollment@schools.nyc.gov বা 311 নম্বরে ফোন করে একটি ডাকযোগে পাওয়ার জন্য অনুরোধ করতে বা অনুরোধের ভিত্তিতে কোনো ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে গিয়ে সংগ্রহ করার জন্য।

কোনো স্কুলের অভিগম্যতার পর্যায় সম্পর্কে অধিকতর তথ্যের জন্য সরাসরি স্কুলের সাথে যোগাযোগ করুন এবং একটি সাক্ষাতের সময় ঠিক করুন। এছাড়াও অধিকতর তথ্যের জন্য এবং যুক্তিসঙ্গত অভিযোজন ব্যবস্থার আবেদন জমা দেওয়ার জন্য পরিবারবর্গ accessibility@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করতে পারবেন।

**হাই স্কুলে ভর্তি**
http://schools.nyc.gov/high

শিক্ষার্থীগণ যে স্কুল বছরে অষ্টম গ্রেডে পদার্পন করবে সেই বছর তারা হাই স্কুলসমূহে আবেদন করতে পারবে। শিক্ষার্থীগণ সিটিওয়াইড স্কুলসমূহে আবেদন করতে পারবে এবং হাই স্কুল নির্দেশিকা (http://schools.nyc.gov/high) পর্যালোচনা করবে যেটি স্কুলের অভিগম্যতার ধারণা দেয়। এছাড়াও পরিবারবর্গ স্কুল ফাইন্ডার (http://schoolfinder.nyc.gov/) পরিদর্শন করতে পারেন, যেকোনো একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টার পরিদর্শন করতে পারেন বা 311 নম্বরে কল করতে পারেন।

পরিবারবর্গ ফরম পাবেন এবং তাদের হাই স্কুল আবেদন তাদের মিডল স্কুল গাইডেন্স কাউন্সেলর বরাবর তাদের পঞ্চম গ্রেড বর্ষের ডিসেম্বরের প্রথমদিকে জমা দিবেন। হাই স্কুল আবেদনপত্র অনলাইনে পোস্ট করা হয়েছে এবং সেটি স্ক্রিন রিডার, ব্যক্তিগত কম্পিউটার সেটিংস বা সহায়ক প্রযুক্তির মাধ্যমে দেখা যাবে। যে সকল পরিবারের বড় করে ছাপা বা ব্রেইল-এ ছাপা প্রয়োজন তারা ইমেইল করতে পারবেন HSenrollment@schools.nyc.gov বা 311 নম্বরে ফোন করে একটি ডাকযোগে পাওয়ার জন্য অনুরোধ করতে বা কোনো ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে গিয়ে চেয়ে নিতে পারবেন।

কোনো একটি স্কুলের অভিগম্যতার পর্যায় সম্পর্কে অধিকতর তথ্যের জন্য বিস্তারিত জানতে সরাসরি সেই স্কুলে যান এবং একটি পরিদর্শনের সময়সূচি নির্ধারণ করুন। এছাড়াও অধিকতর তথ্যের জন্য এবং যুক্তিসঙ্গত অভিযোজন ব্যবস্থার আবেদন জমা দেওয়ার জন্য পরিবারবর্গ accessibility@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করতে পারবেন।

**স্পেশালাইজড় হাই স্কুলে ভর্তি**
www.schools.nyc.gov/shsat

শিক্ষার্থীগণ তাদের অষ্টম গ্রেড বর্ষের শরতে স্পেশালাইজড় হাই স্কুলে ভর্তি পরীক্ষা (SHSAT) এর জন্য নিবন্ধন করতে পারবে। যে সকল শিক্ষার্থী পরীক্ষাটি দিবে এবং উপযুক্ত স্কোর অর্জন করবে তারা আটটি বিশেষায়িত পরীক্ষা গ্রহণকারী স্কুলের কোনো একটিতে সুযোগ পাওয়ার জন্য বিবেচিত হবে, যা আসন লভ্যতার উপর নির্ভরশীল। শিক্ষার্থীগণ তাদের স্কোর পরীক্ষা গ্রহণকারী আটটি স্কুলের একটি বা সবগুলোর জন্য বিবেচনা করাতে পারে। Fiorello H. LaGuardia High School হলো একটি মাত্র বিশেষায়িত হাই স্কুল যেখানে ভর্তি একটি অডিশন ও একটি অ্যাকাডেমিক পর্যালোচনার মাধ্যমে নির্ধারিত হয়। শিক্ষার্থীগণ LaGuardia High School এ সর্বোচ্চ আটটি স্টুডিওর জন্য অডিশন দিতে পারবে।

SHSAT -এর জন্য নিবন্ধন করতে আগ্রহী শিক্ষার্থীদের পরিবারবর্গ তাদের রেজিস্ট্রেশন কাউন্সেলরের নিকট জমা দেওয়ার সময়ও যেকোনো অভিযোজন ব্যবস্থা বা অভিগম্যতা সম্পর্কিত চাহিদাবলীর কথা উল্লেখ করতে পারবে। রেজিস্ট্রেশনের সময় অনুরোধের ভিত্তিতে SHSAT ব্রেইল মাধ্যমেও পাওয়া যাবে।

## প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের জন্য সেবা ও অভিযোজন ব্যবস্থাসমূহ

যদি তিন বছরের বেশি বয়সী কোনো সন্তানের কোনো প্রতিবন্ধিতাযুক্ততা চিহ্নিত হয় তাহলে DOE বিশেষ শিক্ষা সহায়তা ও সেবাসমূহ প্রদান করবে যেগুলো বিশেষভাবে তাদের ব্যক্তিগত চাহিদাবলী পূরণ করার জন্য প্রণয়ন করা হয়েছে, যেগুলোর জন্য পরিবারের কোনোরূপ খরচ করতে হবে না। বিশেষ শিক্ষা প্রক্রিয়া ও পরিবারবর্গের ভূমিকা ও অধিকারসমূহের ব্যাপারে অধিকতর তথ্যের জন্য বিশেষ শিক্ষা ওয়েবপেজ পরিদর্শন করুন (http://schools.nyc.gov/Academics/SpecialEducation/FamilyResources/GuidesDocuments/default.htm), ইমেইল করুন specialeducation@schools.nyc.gov ঠিকানায় বা 311 -এ ফোন করুন। কিন্ডারগার্টেনে স্থানান্তরের ব্যাপারে বাড়তি তথ্যের জন্য অনুগ্রহপূর্বক কিন্ডারগার্টেন দেখুন: সেইসকল প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের পরিবারবর্গের জন্য একটি ওরিয়েন্টেশন গাইড যারা শরৎ 2018 -এ কিন্ডারগার্টেনে প্রবেশ করতে যাচ্ছে (http://schools.nyc.gov/Academics/SpecialEducation/FamilyResources/GuidesDocuments/default.htm)।

## শৈশবকালে হস্তক্ষেপ

শৈশবকালে হস্তক্ষেপ প্রোগ্রামসমূহ যে সকল সন্তানের প্রতিবন্ধিতাযুক্ত বা উন্নয়নে বিলম্ব পরিলক্ষিত হয়েছে তাদের জন্ম থেকে তিন বছর বয়স পর্যন্ত সেবাদান করে। নিউ ইয়র্ক সিটির ডিপার্টমেন্ট অব হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন (Department of Health and Mental Hygiene) (DOHMH) কর্তৃক শৈশবকালে হস্তক্ষেপ পরিচালিত হয়। শৈশবকালে হস্তক্ষেপের বিস্তারিত জানার জন্য ওয়েবসাইট (https://www1.nyc.gov/site/doh/health/health-topics/early-intervention-eligibility-and-services.page) পরিদর্শন করুন।

## প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিসসমূহ

শিক্ষায় ব্যাঘাত সৃষ্টি করতে পারে এমন তিন থেকে পাঁচ বছরের প্রতিবন্ধিতাযুক্ত অথবা বিলম্বিত বিকাশযুক্ত ছেলেমেয়েদের জন্য প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিসের ব্যবস্থা রয়েছে। পরিবারবর্গ স্পেশাল এডুকেশন সার্ভিসের জন্য উপযুক্ততা নির্ধারণ করতে একটি মূল্যায়নের জন্য আবেদন করতে কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন (Committee on Preschool Special Education) (CPSE) এর সাথে যোগাযোগ করতে পারেন। CPSE তিন থেকে পাঁচ বছর বয়সী ছেলেমেয়েদের স্পেশাল এডুকেশন প্রক্রিয়া সমন্বয়ের জন্য দায়বদ্ধ। সিটির ভিন্ন ভিন্ন জায়গায় দশটি CPSE রয়েছে যারা পরিবার্গের সাথে সেই ডিস্ট্রিক্টে কাজ করে যেখানে পরিবারটি বাস করে। পরিবারবর্গ নিচের ওয়েবসাইটে CPSE সমূহের সাথে যোগাযোগের তথ্য খুঁজে পেতে পারেন: http://schools.nyc.gov/Academics/SpecialEducation/Help/Contacts/CSECPSE.htm.

## কিন্ডারগার্টেনে স্থানান্তর

যদি ইতোমধ্যে কোনো ছেলেমেয়ে CPSE কর্তৃক প্রতিবন্ধিতাযুক্ত প্রি-স্কুল শিক্ষার্থী হিসেবে চিহ্নিত হয়ে থাকে তাহলে তারা কিন্ডারগার্টেনে স্পেশাল এডুকেশন সার্ভিসের জন্য উপযুক্ত হতে পারে। ছেলেমেয়েদেরকে স্বয়ংক্রিয়ভাবে কমিটি অন স্পেশাল এডুকেশন (Committee on Special Education) (CSE) -এ পাঠানো হবে কিন্ডারগার্টেনে স্পেশাল এডুকেশনের জন্য উপযুক্ততা নির্ধারণের জন্য।

## স্কুল-বয়সী স্পেশাল এডুকেশন সার্ভিস

স্কুল-বয়সী স্পেশাল এডুকেশন সার্ভিস সেই সকল প্রতিবন্ধিতাযুক্ত ছেলেমেয়েদের জন্য প্রযোজ্য যাদের বয়স পাঁচ থেকে 21 বছর। উপযুক্ত ছেলেমেয়েদেরকে এই সকল সেবা বিনামূল্যে প্রদান করা হয়।

যেকোনো ছেলেমেয়ে মূল্যায়িত হতে পারে। যদি কোনো ছেলেমেয়ে সরকারী স্কুলে অধ্যয়নরত থাকে তাহলে তার পরিবার স্কুলকে অবহিত করার মাধ্যমে একটি মূল্যায়নের জন্য আবেদন করতে পারবেন। স্কুল ছেলেমেয়েটিকে মূল্যায়নের জন্য দায়বদ্ধ এবং যদি প্রয়োজন হয় তাহলে ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) তৈরি ও স্পেশাল এডুকেশন সার্ভিস প্রদানের জন্য দায়বদ্ধ। কোনো বেসরকারি, ব্যক্তিগত, সংকীর্ণবা চার্টার স্কুলের ছেলেমেয়েদের ক্ষেত্রে পরিবারবর্গ Committee on Special Education (CSE) বরাবর রেফারেলটি করবেন। পরিবারবর্গ CSE সমূহের সাথে যোগাযোগ সম্পর্কিত তথ্য পেতে পারেন এখানে: http://schools.nyc.gov/Academics/SpecialEducation/Help/Contacts/CSECPSE.htm.

স্কুল-বয়সী স্পেশাল এডুকেশন সেবাসমূহের ব্যাপারে অধিকতর তথ্যের জন্য দেখুন Family Guide to Special Education Services for School-Age Children (http://schools.nyc.gov/Academics/SpecialEducation/FamilyResources/GuidesDocuments)। যদি কোনো পরিবারের সদস্য বিশ্বাস করেন যে তাদের সন্তানের স্পেশাল এডুকেশন সার্ভিস প্রয়োজন হতে পারে তাহলে সহায়তার জন্য সন্তানের স্কুল-ভিত্তিক সহায়তা দলের সাথে যোগাযোগ করুন।

## যোগ্য বিবেচিত প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের জন্য অভিযোজন ব্যবস্থা: §504 সঙ্গতিবিধান

কোনো শিক্ষার্থী যার এমন কোনো শারীরিক বা মানসিক বৈকল্য রয়েছে যেটি যথেষ্ঠভাবে তার এক বা একাধিক প্রধান জীবনযাপনের কার্যক্রমকে সীমিত করে সে Americans with Disabilities Act (ADA) এর 504 ধারা মোতাবেক অভিযোজন ব্যবস্থা পাওয়ার যোগ্য। পিতামাতাগণ অধিকতর জানতে পারবেন 504 Accommodations - Guidance for Students & Families

(http://schools.nyc.gov/NR/rdonlyres/37A917C0-8F8A-4552-B6C3-DEE71BB29AA8/0/504_FAQ_Families_FINAL.pdf) পর্যালোচনা করার মাধ্যমে বা তাদের সন্তানের স্কুল-ভিত্তিক 504 সমন্বয়কের সাথে কথা বলার মাধ্যমে। 1973 এর পুনর্বাসন আইন (ধারা 504) এর ধারা 504 উপযুক্ত শিক্ষার্থীদেরকে যুক্তিসঙ্গত ও উপযুক্ত অভিযোজন ব্যবস্থাসমূহ প্রদান করতে সরকারিভাবে অর্থায়নকৃত প্রাথমিক শৈশবকালীন প্রোগ্রামসমূহ প্রদানের শর্তারোপ করার মাধ্যমে প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদেরকে বৈষম্যের শিকার হওয়ার হাত থেকে সুরক্ষিত করে যাতে তারা তাদের সক্ষম সহপাঠীদের সাথে সমতার-ভিত্তিতে স্কুল কার্যক্রমসমূহে অংশগ্রহণ করতে পারে।

# স্কুলভবনের অভিগম্যতা ও অভিযোজন ব্যবস্থাসমূহ

DOE এটি নিশ্চিত করার জন্য কাজ করে যে প্রোগ্রাম, সেবা ও কার্যক্রমসমূহ যেন সেই সকল পরিবারের সদস্য ও শিক্ষার্থীদের নাগালের মধ্যে থাকে যাদের শারীরিক সীমাবদ্ধতা রয়েছে, যেমন সেইসব লোক যারা হুইলচেয়ার বা অন্যান্য সেবাসমূহ ব্যবহার করে। সকল ভবনকে সেগুলো প্রতিবন্ধিতাযুক্ত মানুষদের জন্য সহজগম্য কি না, তা নির্ধারণ করতে নিয়মিতভাবে মূল্যায়ন করা হয়। এই বিভাগের নির্দেশিকা সেই সকল ব্যক্তিবর্গের জন্যও প্রযোজ্য যাদের শ্রবণ বা দৃষ্টি সম্পর্কিত সীমাবদ্ধতা রয়েছে।

যদি কোনো পরিবারের বা স্কুল কমিউনিটির সদস্যের কোনো ইভেন্টে (যেমন, ওপেন হাউজ, পিতামাতা-টিচার কনফারেন্স, স্কুল পারফরম্যান্স, গ্র্যাজুয়েশন) যোগ দেওয়া বা অংশগ্রহণের জন্য অভিযোজন ব্যবস্থার প্রয়োজন হয় বা কোনো অভিগম্য আকারে কোনো জিনিসের প্রয়োজন হয় তাহলে স্কুলের প্রিন্সিপ্যালের সাথে যোগাযোগ করুন। প্রিন্সিপ্যালের সাথে যোগাযোগের তথ্য স্কুল সার্চে গিয়ে স্কুলের তথ্য পর্যালোচনার মাধ্যমে পাওয়া যাবে (http://schools.nyc.gov/SchoolSearch/)। অভিযোজিত ব্যবস্থাসমূহ কোনো ইভেন্টের পূর্বে, স্কুল চলাকালীন বা স্কুল শেষ হওয়ার পর চাওয়া যেতে পারে এবং একবারে একাধিক ইভেন্টের জন্যও চাওয়া যেতে পারে।

যদি স্কুল পর্যায়ে কোনো অভিযোজন ব্যবস্থা প্রদান করা না যায় তাহলে পরিবারবর্গ Division of Space Management’s Accessibility সমন্বয়কের সাথে যোগাযোগ করতে পারেন এই ঠিকানায় accessibility@schools.nyc.govএবং তখন আবেদনটি পর্যালোচিত

হবে। পরিবারবর্গ অভিযোজন ব্যবস্থার আবেদনটি যতটা সম্ভব আগাম জমা দেওয়ার চেষ্টা করতে হবে।

ভবন অভিগম্যতার রূপরেখাগুলো (http://schools.nyc.gov/Offices/OSP/Building+Accessibility+Profiles) অনলাইনে পোস্ট করা হয় এবং পরিবারবর্গ সেটি পর্যালোচনা করতে পারবেন। এই সকল রূপরেখা পরিবারবর্গ এবং স্কুল কমিউনিটির অন্যান্য সদস্যদের কোনো স্কুল ভবনে কার্যকর অভিগম্যতার ব্যাপারে নির্দেশ করে। সকল স্কুল বর্তমানে একটি নতুন 10-পয়েন্ট স্কেল দ্বারা পর্যালোচনা করা হচ্ছে যেটি কোনো স্কুলের ভিন্ন ভিন্ন অভিগম্যতার বৈশিষ্ঠ্যাবলীর উপর পরিবারবর্গকে তথ্য প্রদান করার জন্য প্রণয়ন করা হয়েছে। বর্তমানে ভবনের অভিগম্যতা প্রোফাইলসমূহ ম্যানহাটন ও স্ট্যাটেন আইল্যান্ডের আংশিক অভিগম্য ভবনসমূহের জন্য ব্যবহারযোগ্য যেগুলো হাই স্কুল গ্রেডসমূহকে অভিযোজন ব্যবস্থা প্রদান করে।

সেইসাথে, স্কুল অভিগম্যতা তথ্য (http://schools.nyc.gov/Offices/OSP/Accessibility.htm) অনলাইনে ডিস্ট্রিক্ট স্কুল ও প্রি-K সেন্টারসমূহের জন্য পাওয়া যাবে।

সম্পূর্ণ ও আংশিক অভিগম্যতা সম্পর্কে অধিকতর তথ্যের জন্য পরিদর্শন করুন (http://schools.nyc.gov/Offices/OSP/Accessibility)।

- একটি সম্পূর্ণ অভিগম্য ভবন হলো সেই ভবন যেটি 1992 সালের পরে নির্মাণ করা হয়েছে, যেটি ADA এর নির্ধারিত সকল শর্ত অনুসরণ করে এবং চলাচল-অসুবিধাগ্রস্থ ব্যক্তিদের অভিগমনের ক্ষেত্রে কোনো ধরনের বাধা নেই।

- একটি আংশিক অভিগম্য ভবন চলাচল-অসুবিধাগ্রস্থ ব্যক্তিদের ভবনে প্রবেশ ও বের হওয়া, সংশ্লিষ্ট প্রোগ্রামসমূহ ব্যবহার করার ও কমপক্ষে একটি টয়লেট ব্যবহার করার অনুমতি দেয়, তবে সমগ্র ভবনটি অভিগম্য নাও হতে পারে। ভবন অনুযায়ী শ্রেণিকরণ ভিন্ন হতে পারে।

নিউ ইয়র্ক সিটি আর্লি এডুকেশন সেন্টার সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য অনুগ্রহপূর্বক সরাসরি প্রোগ্রামে কল করুন। কোনো একটি নিউ ইয়র্ক সিটি আর্লি এডুকেশন সেন্টারে অভিগম্যতা নিশ্চিত করার ক্ষেত্রে সহায়তার জন্য অনুগ্রহপূর্বক ইমেইল করুন earlychildhood@schools.nyc.gov।

# স্কুল পরিবহন

একজন সন্তানের স্কুল পরিবহনের উপযুক্ততা নির্ধারিত হয় শিক্ষার্থীর গ্রেড পর্যায় এবং শিক্ষার্থীর বাড়ি ও স্কুলের মধ্যকার দূরত্বের দ্বারা, যেমনটি নিচের চার্টে প্রদর্শিত হয়েছে। কিছু শিক্ষার্থী বিশেষায়িত পরিবহন সেবা পেয়ে থাকে তাদের ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) এর নির্দেশনা অনুযায়ী।

পাঁচ বছরের কম বয়সী সন্তানরা যারা বিশেষ শিক্ষা প্রি-K বা শৈশবকালে হস্তক্ষেপ প্রোগ্রামসমূহের অন্তর্ভুক্ত সন্তানগণ কার্ব-টু-কার্ব (স্কুল থেকে বাড়ির সামনের রাস্তা পর্যন্ত) ইয়েলো বাস সার্ভিসের জন্য উপযুক্ত, যেমনটি একটি ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) বা ইনডিভিজুয়ালাইজড ফ্যামিলি সার্ভিস প্লান (IFSP)-এ উল্লেখ করা হয়েছে। বিস্তারিত তথ্য পাওয়া যাবে প্রি-K এবং প্রাথমিক হস্তক্ষেপ পরিবহন পেজ (http://www.optnyc.org/ServicesAndEligibility/prekeitransportation.htm)-এ Office of Pupil Transportation এর ওয়েবসাইটে।

বিস্তারিত তথ্যের জন্য বা কোনো পরিবহনের আবেদন করার জন্য অনুগ্রহপূর্বক আপনার সন্তানের স্কুল বা Office of Pupil Transportation (http://www.optnyc.org)-এ pupiltransportationteam@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন অথবা (718) 392-8855 নম্বরে ফোন করুন।

অনুগ্রহপূর্বক শিক্ষার্থীর উপযুক্ততার ব্যাপারে বিস্তারিত তথ্যের জন্য 30-31 পৃষ্ঠার সারণী

## অর্ধেক ভাড়ার যোগ্যতা

অর্ধেক ভাড়ার যোগ্য হিসেবে নির্ধারিত শিক্ষার্থীগণ স্কুল থেকে পায়ে হাঁটার দূরত্বে বাস করে তবে তারা তাদের স্কুলের পরিবহন সমন্বয়কের মাধ্যমে একটি অর্ধেক ভাড়ার শিক্ষার্থী মেট্রোকার্ডের জন্য আবেদন করতে পারবে। অর্ধেক ভাড়ার মেট্রোকার্ডসমূহ Metropolitan Transit Authority (MTA) এর সৌজন্যে প্রদান করা হয় এবং সেগুলো শুধুমাত্র MTA বাসসমূহে ব্যবহার করা যাবে এবং শিক্ষার্থী প্রতি রাস্তায় বর্তমান ভাড়ার অর্ধেক পরিশোধ করার জন্য দায়বদ্ধ থাকবে।

## সম্পূর্ণ ভাড়া

সম্পূর্ণ ভাড়ার জন্য উপযুক্ত যেকোনো শিক্ষার্থীকে অনুরোধের ভিত্তিতে বা যদি সেই শিক্ষার্থীর জন্য হলুদ বাস পরিবহন সেবা ব্যবহারযোগ্য না হয় তাহলে তাকে একটি সম্পূর্ণ ভাড়ার শিক্ষার্থী মেট্রোকার্ড প্রদান করা হতে পারে। আশ্রয়কেন্দ্রে বসবাসরত সকল শিক্ষার্থী সম্পূর্ণ ভাড়ার শিক্ষার্থী মেট্রোকার্ড গ্রহণ করার জন্য উপযুক্ত। শিক্ষার্থী মেট্রোকার্ডসমূহ উপযুক্ততার উপর ভিত্তি করে স্কুলের পরিবহন সমন্বয়ক কর্তৃক প্রদান করা হয়। আশ্রয়কেন্দ্রে বসবাসরত কিন্ডারগার্টেন থেকে ষষ্ঠ গ্রেড পর্যন্ত সন্তানদের পিতামাতাগণও তাদের সন্তানদেরকে স্কুলে পৌঁছে দিতে একটি মেট্রোকার্ড পেতে পারেন। আশ্রয়কেন্দ্রে বসবাসরত কিন্ডারগার্টেন থেকে ষষ্ঠ গ্রেড পর্যন্ত শিক্ষার্থীদের পিতামাতাগণ একটি মেট্রোকার্ড পেতে পারেন তাদের আশ্রয়কেন্দ্রের DOE কর্মী, আশ্রয়কেন্দ্রের কর্মীর কাছ থেকে বা তাদের বরোতে Temporary Housing Content Expert (http://schools.nyc.gov/NR/rdonlyres/6C02DF12-F56D-4024-BE84-EA5B6A51A7B9/0/STHContactInformationFORDISTRIBUTION_10217.pdfএর শিক্ষার্থীগণ দেখে।

## স্কুল বাস

একজন শিক্ষার্থীকে হলুদ বাস সেবা পাওয়ার জন্য নিচের প্রতিটি মানদণ্ড অবশ্যই পূরণ করতে হবে:

- শিক্ষার্থীকে অবশ্যই সম্পূর্ণ ভাড়ার পরিবহনের জন্য উপযুক্ত হতে হবে;
- শিক্ষার্থীকে অবশ্যই কিন্ডারগার্টেন থেকে ষষ্ঠ গ্রেডের মধ্যে হতে হবে
- শিক্ষার্থীর বাসস্থান অবশ্যই স্কুলের (যদি কোনো সরকারি স্কুলে অধ্যয়নরত থাকে) একই ডিস্ট্রিক্টে বা একই বরোতে (যদি কোনো চার্টার বা বেসরকারি স্কুলে অধ্যয়নরত থাকে) হতে হবে।
- শিক্ষার্থীর স্কুলে অবশ্যই উপযুক্ত শিক্ষার্থীদের হলুদ বাস সেবা থাকতে হবে
- শিক্ষার্থীর গ্রেড/দূরত্বের উপযুক্ততার মধ্যে একটি বাস স্টপ থাকতে হবে বা শিক্ষার্থীর সমন্বয় বিধানের জন্য সেটি যুক্ত করতে হবে।

যদি উপরের প্রতিটি মানদণ্ড পূরণ করা হয়ে থাকে তাহলে স্কুলের জন্য প্রি-রেজিস্টার্ড শিক্ষার্থীগণকে একটি বাস স্টপ নির্ধারণ করে দেওয়া হবে। পরবর্তিতে রেজিস্ট্রিকৃত শিক্ষার্থীগণের পিতামাতাগণ তাদের স্কুলে একটি হলুদ বাস সেবার আবেদন করতে পারবেন। স্কুল কর্মীগণ উপযুক্ততা যাচাই করবেন এবং শিক্ষার্থীর জন্য একটি স্টপ নির্ধারণ করে দিবেন বা OPT এর মাধ্যমে একটি নতুন স্টপের আবেদন করবেন।

আশ্রয়কেন্দ্রে বসবাসরত কিন্ডারগার্টেন থেকে ষষ্ঠ গ্রেড পর্যন্ত সকল শিক্ষার্থী যারা স্কুল বাস পরিবহনের জন্য উপযুক্ত তাদেরকে আশ্রয়কেন্দ্রে ভর্তির জন্য উপযুক্ত হওয়ার এক সপ্তাহের মধ্যে routed/পরিবহন করা হবে। সেইসাথে, যেসব শিক্ষার্থী অন্যান্য অস্থায়ী বাসস্থানে রয়েছে, যেসব শিক্ষার্থী ফস্টার কেয়ারে রয়েছে এবং যেসব শিক্ষার্থী ইতিপূর্বে গৃহহীন ছিল এবং সম্প্রতি স্থায়ী বাসস্থানে এসেছে তারা বাস সেবার জন্য একটি আবেদন জমা দিতে পারবে।

শিক্ষার্থীদের পিতামাতা ও অভিভাবকগণ যারা পরিবহন সেবা গ্রহণ করছেন তারা সর্বদা শিক্ষার্থীর ঠিকানায় কোনো পরিবর্তন হলে সেটা শিক্ষার্থীর স্কুলকে হালনাগাদ করবে।

MTA-এর অ্যাক্সেসঅ্যাবল ট্রানজিট গাইড (http://web.mta.info/accessibility/stations.htm) অভিগম্য সরকারি পরিবহন বিকল্পসমূহ যার মধ্যে রয়েছে বাস, অভিগম্য সাবওয়ে স্টপসমূহ এবং অ্যাক্সেস-এ-রাইড এর রূপরেখা রয়েছে। নিউ ইয়র্ক সিটি অ্যাক্সেসঅ্যাবল ডিসপ্যাচ প্রোগ্রাম (http://accessibledispatch.org/) প্রতিবন্ধিতাযুক্ত ব্যক্তিদেরকে সবুজ ও হলুদ হুইল চেয়ারে অভিগম্য ট্যাক্সিসমূহে প্রবেশের সুযোগ প্রদান করে।

| | দূরত্ব কোড A | দূরত্ব কোড B | দূরত্ব কোড C | দূরত্ব কোড D |
|---|---|---|---|---|
| | 0.5 মাইলের কম | 0.5 মাইল, তবে 1 মাইলের কম, | 1 মাইল বা বেশি, কিন্তু 1.5 মাইলের কম | 1.5 মাইল বা বেশি |
| কিন্ডারগার্টেন: | অর্ধেক-ভাড়া | স্কুল বাস বা সম্পূর্ণ-ভাড়া | স্কুল বাস বা সম্পূর্ণ-ভাড়া | স্কুল বাস বা সম্পূর্ণ-ভাড়া |
| প্রথম গ্রেড: | অর্ধেক-ভাড়া | স্কুল বাস বা সম্পূর্ণ-ভাড়া | স্কুল বাস বা সম্পূর্ণ-ভাড়া | স্কুল বাস বা সম্পূর্ণ-ভাড়া |
| দ্বিতীয় গ্রেড: | অর্ধেক-ভাড়া | স্কুল বাস বা সম্পূর্ণ-ভাড়া | স্কুল বাস বা সম্পূর্ণ-ভাড়া | স্কুল বাস বা সম্পূর্ণ-ভাড়া |
| তৃতীয় গ্রেড: | উপযুক্ত নয় | অর্ধেক-ভাড়া | স্কুল বাস বা সম্পূর্ণ-ভাড়া | স্কুল বাস বা সম্পূর্ণ-ভাড়া |
| চতুর্থ গ্রেড: | উপযুক্ত নয় | অর্ধেক-ভাড়া | স্কুল বাস বা সম্পূর্ণ-ভাড়া | স্কুল বাস বা সম্পূর্ণ-ভাড়া |
| পঞ্চম গ্রেড: | উপযুক্ত নয় | অর্ধেক-ভাড়া | স্কুল বাস বা সম্পূর্ণ-ভাড়া | স্কুল বাস বা সম্পূর্ণ-ভাড়া |

| | | | | |
|---|---|---|---|---|
| ষষ্ঠ গ্রেড: | উপযুক্ত নয় | অর্ধেক-ভাড়া | স্কুল বাস বা সম্পূর্ণ-ভাড়া | স্কুল বাস বা সম্পূর্ণ-ভাড়া |
| সপ্তম গ্রেড: | উপযুক্ত নয় | অর্ধেক-ভাড়া | অর্ধেক-ভাড়া | সম্পূর্ণ-ভাড়া |
| অষ্টম গ্রেড: | উপযুক্ত নয় | অর্ধেক-ভাড়া | অর্ধেক-ভাড়া | সম্পূর্ণ-ভাড়া |
| নবম গ্রেড: | উপযুক্ত নয় | অর্ধেক-ভাড়া | অর্ধেক-ভাড়া | সম্পূর্ণ-ভাড়া |
| দশম গ্রেড: | উপযুক্ত নয় | অর্ধেক-ভাড়া | অর্ধেক-ভাড়া | সম্পূর্ণ-ভাড়া |
| একাদশ গ্রেড: | উপযুক্ত নয় | অর্ধেক-ভাড়া | অর্ধেক-ভাড়া | সম্পূর্ণ-ভাড়া |
| দ্বাদশ গ্রেড: | উপযুক্ত নয় | অর্ধেক-ভাড়া | অর্ধেক-ভাড়া | সম্পূর্ণ-ভাড়া |

# শিক্ষার্থীদের উপস্থিতি

যদি কোনো পিতামাতা বা অভিভাবকের প্রতিবন্ধিতাযুক্ততা তাদের শিক্ষার্থীর উপস্থিতিকে প্রভাবিত করে তাহলে সন্তানের শিক্ষক ও প্রিন্সিপ্যালকে জানাতে হবে। আমাদের স্কুল ও প্রোগ্রামসমূহ পরিবারবর্গের সাথে নিম্ন উপস্থিতির কারণ কি সেটা বোঝার জন্য কাজ করে, সহায়তা প্রদান করে এবং উন্নয়নের জন্য কৌশলসমূহ আলোচনা করে। সকল স্কুলকে দৈনিক ভিত্তিতে উপস্থিতি গ্রহণ করতে হবে।

# ওয়েবসাইট পুনর্বিন্যাস

DOE তার ওয়েবসাইটকে প্রতিবন্ধিতাযুক্ত মানুষদের জন্য সহজতরভাবে অভিগম্য করতে কাজ করছে। প্রাথমিকভাবে অভিগম্য বিষয়াবলী সম্বলিত একটি নতুন ওয়েবসাইট 2017-18 স্কুল বছর থেকে চালু হতে যাচ্ছে। DOE অব্যাহতভাবে তার ওয়েবসাইটকে অধিকতর সহজ ব্যবহার্য করবে যেটি ওয়েব কন্টেন্ট অ্যাক্সেসঅ্যাবিলিটি গাইডলাইন 2.0, Level AA অনুসরণ করবে (http://www.w3.org/WAI/intro/wcag)। আমাদের বর্তমান সাইটের কোনো নির্দিষ্ট পাতা বা নথির ব্যাপারে সহায়তার জন্য অনুগ্রহপূর্বক ওয়েবসাইটের ফিডব্যাক ফরম ব্যবহার করুন (http://schools.nyc.gov/ContactDOE)।

# পারিবারিক সম্পৃক্ততার সুযোগসমূহ

পরিবারবর্গের তাদের স্কুল কমিউনিটির সাথে স্কুল, ডিস্ট্রিক্ট ও সিটিব্যাপী পর্যায়ে সম্পৃক্ত হওয়ার অনেক সুযোগ রয়েছে। সকল সংস্থা ও বিকল্পের একটি সমন্বিত তালিকার জন্য অনুগ্রহপূর্বক প্যারেন্ট লিডারশিপ ওয়েবসাইট (http://schools.nyc.gov/Offices/FACE/ParentLeader) পরিদর্শন করুন। সেইসাথে, চ্যান্সেলর প্রতি চার মাস অন্তর পিতামাতা লিডারশিপ টাইম (http://schools.nyc.gov/Offices/FACE/ParentLeader/Parent+Leader+Time.htm) প্রকাশ করেন।

## প্যারেন্ট অ্যাসোসিয়েশন/প্যারেন্ট টিচার অ্যাসোসিয়েশন

প্রতিটি স্কুলে একটি প্যারেন্ট অ্যাসোসিয়েশান বা প্যারেন্ট টিচার অ্যাসোসিয়েশান (PA/PTA) থাকা প্রয়োজন (http://schools.nyc.gov/Offices/FACE/ParentLeader/PAPTA+Info.htm)। সকল পিতামাতা, সৎ-পিতামাতা, আইনগতভাবে নিয়োগকৃত অভিভাবক, ফস্টার পিতামাতা এবং পিতামাতার সম্পর্কে থাকা ব্যক্তিবর্গ স্বয়ংক্রিয়ভাবে তাদের স্কুলের PA/PTA এর সদস্য। PA/PTA সমূহ একনিষ্ঠ পিতামাতাদের আত্মনিয়োগের মধ্য দিয়ে সরকারি শিক্ষা ব্যবস্থার উন্নয়ন করার ক্ষেত্রে শক্তিশালী মাধ্যম হতে পারে। PA/PTA সমূহ প্রচারণা চালায় পিতামাতাদেরকে স্কুল জীবনে সংশ্লিষ্ট করতে, বিভিন্ন স্কুল কর্মসূচি যেমন প্যারেন্ট টিচার কনফারেন্স, ওপেন হাউজ ও কারিকুলাম নাইট, পিতামাতা কর্মশালা ও মিটিংসমূহ অনুষ্ঠিত করা এবং স্কুলে শিক্ষা, সামাজিক ও সাংস্কৃতিক প্রোগ্রামসমূহের সুবিধার্থে তহবিল সংগ্রহ কার্যক্রম পরিচালনা করতে সহায়তা করে। আরো তথ্যের জন্য প্যারেন্ট অ্যাসোসিয়েশন বা কোনো পিতামাতা টিচার অ্যাসোসিয়েশন (PA/PTA) পেজ পরিদর্শন করুন (http://schools.nyc.gov/Offices/FACE/ParentLeader/PAPTA+Info.htm)।

## একজন সনদপ্রাপ্ত পিতামাতা IEP টিম মেম্বার হউন

পিতামাতা ও অভিভাবকগণ একজন সনদপ্রাপ্ত পিতামাতা IEP (Individualized Education Program) টিম মেম্বার হতে পারবেন এমন একজন সন্তানের পিতামাতা হিসেবে যার কোনো প্রতিবন্ধিতা শনাক্ত হয়েছে। সদস্যগণ DOE এর কোনো কর্মী নাও হতে পারেন। পিতামাতা সদস্যগণ IEP মিটিং আলোচনাসমূহে অংশগ্রহণ করেন এবং সেই সকল শিক্ষার্থীর পরিবারবর্গকে সহায়তা প্রদান করেন যাদের কোনো জানা বা অজানা প্রতিবন্ধিতাযুক্ততা রয়েছে আর যারা তাদের উপস্থিতির আবেদন করেছে। অধিকতর তথ্যের জন্য পরিদর্শন করুন পিতামাতা IEP মেম্বার ট্রেইনিং পেজ (http://schools.nyc.gov/Academics/SpecialEducation/FamilyResources/ParentIEPMemberTraining/default.htm)।

## স্কুল লিডারশিপ টিম

স্কুল লিডারশিপ টিম (SLT) (http://schools.nyc.gov/Offices/FACE/ParentLeader/SchoolLeadership.htm) স্কুল-ভিত্তিক সিদ্ধান্ত গ্রহণ এবং একটি সহযোগিতামূলক স্কুল সংস্কৃতির উন্নয়নের একটি সাংগঠনিক কাঠামো প্রদান করে। SLT সদস্যগণ তাদের স্কুলের জন্য শিক্ষাগত নীতিমালা প্রণয়ন করে এবং সেই সকল নীতিমালার জন্য তথ্য-উপকরণের ব্যবস্থা করে। SLT সমূহ একটি স্কুলের শিক্ষাগত প্রোগ্রামসমূহ ও শিক্ষার্থীদের সাফল্যের উপর সেগুলোর প্রভাবের উপর একটি চলমান পর্যালোচনা ও মূল্যায়ন প্রদান করে। প্রতিটি স্কুলের SLT পিতামাতা ও কর্মীদের নিয়ে গঠিত হয় এবং তারা প্রতিমাসে কমপক্ষে একবার মিলিত হয়।

## প্রেসিডেন্ট'স কাউন্সিল

একটি প্রেসিডেন্টস্ কাউন্সিল (http://schools.nyc.gov/Offices/FACE/ParentLeader/DistrictLeadership.htm) হলো PA/PTA প্রেসিডেন্ট (বা তাদের পদাধিকারী)-দের একটি সংগঠন যেটি পিতামাতাগণ এবং পিতামাতা লিডারশিপ সংগঠনসমূহের প্রতিনিধিত্ব করে। প্রতিটি কমিউনিটি স্কুলে একটি প্রেসিডেন্ট'স কাউন্সিল থাকা প্রয়োজন। প্রতিটি বরোর তার হাই স্কুলগুলোর জন্য একটি করে প্রেসিডেন্ট'স কাউন্সিল থাকতে হবে। সিটিব্যাপী বিশেষ শিক্ষা স্কুলসমূহ (ডিস্ট্রিক্ট 75)-এর একটি সিটিওয়াইড প্রেসিডেন্ট'স কাউন্সিল রয়েছে।

## ডিস্ট্রিক্ট লিডারশিপ টিম

ডিস্ট্রিক্ট প্রেসিডেন্টস্ কাউন্সিল-এর প্রেসিডেন্টগণ বাধ্যতামূলকভাবে ডিস্ট্রিক্ট লিডারশিপ টিম (DLT) এর সদস্য হবেন (http://schools.nyc.gov/Offices/FACE/ParentLeader/DistrictLeadership.htm)। ডিস্ট্রিক্ট লিডারশিপ টিমসমূহ তাদের ডিস্ট্রিক্টের স্কুলসমূহের সমন্বিত শিক্ষা পরিকল্পনাসমূহ পর্যালোচনা করবে এবং ডিস্ট্রিক্টব্যাপী পরিকল্পনাসমূহের উন্নয়ন করবে। এছাড়াও তারা স্কুল লিডারশিপ টিমসমূহকে নির্দেশনা ও সহায়তা প্রদান করে।

## কমিউনিটি স্কুল কাউন্সিল

32 কমিউনিটি শিক্ষা কাউন্সিল (CECs) (http://schools.nyc.gov/Offices/CEC/) ডিস্ট্রিক্ট পর্যায়ে পিতামাতাদের সম্পৃক্ততার সুযোগ প্রদান করে এবং নিউ ইয়র্ক সিটির সরকারী স্কুলসমূহের শিক্ষা সংক্রান্ত নীতিমালা গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। CEC সমূহের মোট 12 সদস্য রয়েছে: কিন্ডারগার্টেন থেকে অষ্টম গ্রেড পর্যন্ত শিক্ষার্থীদের নয়জন পিতামাতা (দুটি আসন একজন ELL শিক্ষার্থী পিতামাতা ও একজন IEP শিক্ষার্থী পিতামাতার জন্য সংরক্ষিত), দুইজন

সদস্য বরো এর প্রেসিডেন্ট কর্তৃক নিয়োগপ্রাপ্ত হন এবং একজন বিনা-ভোটের হাই স্কুল শিক্ষার্থী। প্রতিটি স্কুল ডিস্ট্রিক্টের একটি CEC রয়েছে।

## সিটিব্যাপী এডুকেশন কাউন্সিলসমূহ

চারটি সিটিব্যাপী স্কুল কাউন্সিল সিটি পর্যায়ে পিতামাতাদের সংশ্লিষ্টতা ও নির্দিষ্ট জনসংখ্যাকে পরামর্শদানের অনুমতি দেয়। সিটিব্যাপী চারটি কাউন্সিল হলো: সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুল, সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশন, সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স, সিটিওয়াইড কাউন্সিল ফর ডিস্ট্রিক্ট 75! CEC সমূহের মতো এই সকল কাউন্সিলের প্রতিটির 12 জন সদস্য রয়েছে (সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুল ব্যতীত, যার 14 জন সদস্য রয়েছে) এবং তারা মাসিক বৈঠকে মিলিত হয়। কমিউনিটি এডুকেশন কাউন্সিলের সদস্যগণ প্রতি দুই বছর অন্তর নির্বাচিত হন। প্রতিটি সিটিওয়াইড কাউন্সিলের দুইজন পিতামাতা সদস্য থাকেন যারা পাবলিক অ্যাডভোকেট কর্তৃক নিয়োগকৃত হন এবং সেইসাথে একজন বিনা-ভোটের শিক্ষার্থী সদস্য রয়েছে। পিতামাতা নির্বাচন ও নিয়োগ প্রতি দুই বছর অন্তর অনুষ্ঠিত হয়। বিস্তারিত তথ্যের জন্য ও একজন কাউন্সিল সদস্য হওয়ার আবেদন করতে কমিউনিটি ও সিটিওয়াইড এডুকেশন কাউন্সিলের ওয়েবপেজসমূহ পরিদর্শন করুন (http://schools.nyc.gov/Offices/CEC/)।

## প্যানেল ফর এডুকেশন্যাল পলিসি

প্যানেল ফর এডুকেশন্যাল পলিসি (http://schools.nyc.gov/AboutUs/leadership/PEP/) হলো ডিপার্টমেন্ট অভ এডুকেশন-এর পরিচালনাকারী পরিষদ। এটি 13 জন নিয়োগকৃত সদস্য ও চ্যান্সেলরকে নিয়ে গঠিত হয়। প্রত্যকে বরো প্রেসিডেন্ট একজন এবং মেয়র আটজন সদস্য নিয়োগ করেন। এটি যে ধরণের সমস্যাবলী বিবেচনা করে সেগুলো হলো জায়গার ব্যবহার, চুক্তি এবং চ্যান্সেলরের প্রবিধানের সংশোধনীসমূহ।

## চ্যান্সেলরের প্যারেন্ট অ্যাডভাইজরি কাউন্সিল

চ্যান্সেলরের প্যারেন্ট অ্যাডভাইজরি কাউন্সিল (CPAC) প্রতিটি প্রেসিডেন্টস্র কাউন্সিল প্রেসিডেন্ট (বা ভারপ্রাপ্ত ব্যক্তি) নিয়ে গঠিত হয়। এই কমিটি প্রতি মাসে মিলিত হয় এবং প্যারেন্ট লিডারশিপের সম্মুখীন হওয়া সিটিব্যাপি সমস্যাবলী নিয়ে আলোচনা করে।

Department of
Education